122-70

আজকের কাগজ

তারিখ 23 JAN 1995
পৃষ্ঠা ৪ কলাম ২

### এইচএসসি পরীক্ষার ফলাফলে ব্যাপক ভুল

# রাজশাহী বোর্ডের ছাত্রছাত্রীরা অনিশ্চয়তায় ভুগছে

**স্বপন কুমার কুণ্ডু ঃ** ১৯৯৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলে ব্যাপক ভুল প্রকাশের কারণে ছাত্রছাত্রীদের চরম অনিশ্চয়তায় ভুগতে হচ্ছে। রাজশাহী শিক্ষা বোর্ডের স্থগিতকৃত অনেক ফলাফল এখনও ঘোষণা করা হয়নি। এদিকে কৃতকার্য ছাত্র-ছাত্রীদের মার্কস সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। কৃতকার্যরা উচ্চ পর্যায়ের শিক্ষা গ্রহণের জন্যে ইতিমধ্যে কোচিং থেকে শুরু করে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করছে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্যে। কিন্তু স্থগিত ঘোষিত ছাত্রছাত্রীরা পড়েছে চরম বিপাকে। তারা কোন পথেই এগুতে পারছে না। নিয়ম অনুযায়ী অকৃতকার্য ছাত্রছাত্রীদেরও নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হয়। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজেরই নির্বাচনী পরীক্ষা চলতি সপ্তাহে সমাপ্ত হবে। ইতিমধ্যে বেশীর ভাগ শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচনী পরীক্ষা শেষ হয়েছে। ভুক্তভোগী ছাত্রছাত্রীরা এখন কি করবে? ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্যে তারা প্রস্তুতি নিতে পারছেনা। আবার কৃতকার্য হওয়ার আশায় নির্বাচনী পরীক্ষায়ও অংশ নিতে পারেনি। ক্রমেই এসব ছাত্রছাত্রীরা এদিকে পাবনা জেলার ঈশ্বরদী মহিলা কলেজের বাণিজ্য বিভাগের ৩ জন ছাত্রীর ফলাফল সম্প্রতি প্রকাশ করা হয়েছে। এই ফলাফলে ১ জন ছাত্রী ২য় বিভাগে উত্তীর্ণ এবং অপর ২ জনকে অকৃতকার্য ঘোষণা করা হয়েছে। এবারে শিক্ষা বোর্ড হতে ছাত্রছাত্রীদের অকৃতকার্য বিষয়ের নম্বর কলেজগুলোতে প্রেরণ করা হয়েছে। ঈশ্বরদী মহিলা কলেজের বাণিজ্য বিভাগে যে দু'জনকে অকৃতকার্য ঘোষণা করা হয়েছে তার মধ্যে ৫০৩৭৯৪ রোল নম্বরধারী ছাত্রী হাচিনা খাতুনকে ১৮৬ ও ১৮৭ বিষয়ে অকৃতকার্য দেখানো হয়েছে। এই নম্বর তালিকায় ১৮৬ বিষয় কোডের ১ম পত্র পরীক্ষায় অনুপস্থিত এবং ১৮৭ বিষয় কোডে নম্বর প্রাপ্তি প্রদর্শিত হয়েছে। এদিকে হাচিনা নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে এসে এই নম্বরপত্র দেখে এবং সে জানায়, ১৮৬ বিষয় কোডের বাণিজ্যনীতি প্রথম পত্র পরীক্ষায় যে যথারীতি উপস্থিত ছিলো। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ জানায়, অনুপস্থিতির বিষয়টি সম্পর্কে ঈশ্বরদী সরকারি কলেজ কেন্দ্র সঠিক তথ্য দিতে পারবে। পরবর্তীতে ঈশ্বরদী কেন্দ্রের নথি পরীক্ষা করে দেখা যায় হাচিনা উক্ত পরীক্ষায় যথারীতি অংশ গ্রহণ করেছে। হাচিনা যদি ১ম পত্রে ১৪ নম্বরও পায় তবে তার নম্বর হবে ৬৬ অর্থাৎ কৃতকার্য হবে। এই কলেজের স্থগিত বাণিজ্যের অপর ছাত্রীকেও একই বিষয়ে অনুপস্থিত দেখানো হয়েছে। নিরীহ ছাত্রী হাচিনা এখন কি করবে তার কোন কূলকিনারা পাচ্ছে না। এবারের ফলাফলে হাচিনার মতো অনেক ছাত্রছাত্রী দেশের শিক্ষা বিষয়ক নিয়ন্ত্রকদের খামখেয়ালী কারণে অনিশ্চিত ভবিষ্যতে নিমজ্জিত হয়েছে।